



বগড়া পল্লী বিদ্যুৎ সমিতি-১

হিলিমপুর, বগড়া।



ISO 9001:2015 CERTIFIED

হিলিমপুর, বগড়া।

E-mail: bograpbs1@gmail.com

টোরে রক্ষিত ট্রান্সফরমার বক্স এর প্যাকিং কাঠ (ছালানী কাঠ) নিলামে বিক্রয়ের দরপত্র দলিল
নিলাম নং (০১/২০২৬-২০২৭), তারিখ: ২৪/০৯/২০২৬ খ্রিঃ

দরদাতা প্রতিষ্ঠানের নাম :

ঠিকানা :

.....

.....

তারিখ :



ISO 9001:2015 Certified

বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-১
Bogra Palli Bidyut Samity-1
হিলিমপুর, বগুড়া

সদর দপ্তর-প্রশাসন বিভাগ
E-mail: bograpbs1@gmail.com
Web: pbs1.bogra.gov.bd
টেলিফোনঃ ০২৫-৮৮৮৭৭০৭৯

স্মারকনং-২৭.১২.১০২০.৫২৫.০১.০০৮.২৬.৬৬২৫;

তারিখঃ ০৯ আশ্বিন' ১৪৩৩ বঙ্গাব্দ
২৪ সেপ্টেম্বর' ২০২৬ খ্রিষ্টাব্দ

"টোরে রক্ষিত ট্রান্সফরমার বক্স এর প্যাকিং কাঠ (ছোলানী কাঠ) নিলামে বিক্রয়ের জন্য"
নিলাম বিজ্ঞপ্তি

কোটেশন নম্বর: (০১/২০২৬-২০২৭), তারিখ: ২৪/০৯/২০২৬খ্রিঃ)

প্রতি

শর্তাবলী :

- ০১। আগ্রহী দরদাতাগণ আগামী ০১/১০/২০২৬ খ্রিঃ তারিখ বেলা ১১:৩০ ঘটিকার মধ্যে সীল মোহরকৃত নিলাম দরপত্র জেনারেল ম্যানেজার, বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-১, হিলিমপুর, বগুড়া এর সদর দপ্তর এর রক্ষিত টেভার বাক্সে দাখিল করতে পারবেন। নির্ধারিত সময়ের পর কোন নিলাম দরপত্র গ্রহণ করা হবে না।
- ০২। প্রাপ্ত নিলাম দরপত্র সমূহ একই দিনে আর্থ্যাং আগামী ০১/১০/২০২৬ খ্রিঃ তারিখে ১১:৩৫ ঘটিকার সময় বগুড়া পবিস-১, হিলিমপুর এ উপস্থিত নিলাম দরদাতা/প্রতিনিধির সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০৩। দরদাতা কর্তৃক দাখিলকৃত উদ্ধৃত মোট মূল্যের উপর ২৫% নিরাপত্তা জামানত হিসেবে জেনারেল ম্যানেজার, বগুড়া পবিস-১ এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (যা বিক্রয়াদেশ প্রাপ্ত না হলে ফেরতযোগ্য) আকারে নিলাম দরপত্রের সাথে জমা দিতে হবে। নিরাপত্তা জামানত ব্যতীত কোন দরপত্র গ্রহণ/বিবেচনা করা হবে না। সর্বোচ্চ দরদাতাকে বিক্রয়াদেশ প্রদান করা হবে।
- ০৪। নিলাম দরপত্রে উল্লিখিত মালামালসমূহ আগামী ৩০/০৯/২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) প্রতিদিন অফিস চলাকালীন বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-১, হিলিমপুর, বগুড়া এ পরিদর্শন করা যাবে এবং এতদসংক্রান্ত যাবতীয় তথ্যাদি সংগ্রহ করা যাবে।
- ০৫। কৃতকার্য নিলাম দরদাতাকে বিক্রয়াদেশ সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর তারিখ হতে ১৫ (পনেরো) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% মূল্য নগদ/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে পরিশোধ করে মালামাল গ্রহণ করতে হবে। উক্ত সময়ের মধ্যে অবশিষ্ট অর্থ জমা প্রদানে ব্যর্থ হলে জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে।
- ০৬। সর্বনিম্ন প্রাক্কলিত দরের নিচে কোন দরপত্র বিবেচনা করা হবে না।
- ০৭। বর্ণিত মালামাল গ্রহণের পূর্বে বিক্রয়াদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান/ব্যক্তিকে সরকারী নিয়ম অনুযায়ী মোট মূল্যের উপর উৎস কর ও ভ্যাটসহ নগদ জমা প্রদান করতে হবে।
- ০৮। শর্তবহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতির কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(প্রকৌ. মোঃ রফিকুল ইসলাম)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ-(সদয় অবগতির জন্য।)

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, বগুড়া।
- ০৩। পুলিশ সুপার, বগুড়া।
- ০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, -----পবিস-১/২/৩/৪।
- ০৫। নির্বাহী প্রকৌশলী, এসওডি, বাপবিবো, বগুড়া।
- ০৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ, বগুড়া।
- ০৭। ডেপুটি জেনারেল ম্যানেজার-সদর-কারিগরি/মোকামতলা/দুপচাঁচিয়া/কাহালু/নন্দীগ্রাম জোনাল অফিস, বপবিস-১।
- ০৮। সহ-জেনারেল ম্যানেজার (পীরব সা/জোঃ/অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/সদস্য সেবা/ওএন্ডএম/ইএন্ডসি), বপবিস-১।
- ০৯। এজিএম(আইটি-১/২), বপবিস-১ (ওয়েব সাইটে প্রকাশ নিশ্চিত করবেন)।
- ১০। মেসার্স -----।
- ১১। নোটিশ বোর্ড/ওয়েব সাইট, বগুড়া পবিস-১।
- ১২। অফিস কপি/মাস্টার কপি।

(প্রকৌ. মোঃ রফিকুল ইসলাম)
জেনারেল ম্যানেজার



দরদাতার প্রতি নির্দেশাবলী

- ১। **দরপত্র দলিল** বিক্রয়যোগ্য মালামাল, দরপত্র পদ্ধতি এবং চুক্তির শর্তাবলী এই দরপত্র দলিলে বর্ণনা করা হয়েছে। নিলাম দরপত্র বিজ্ঞপ্তি ছাড়াও এই দরপত্র দলিলের অন্তর্ভুক্ত হবে নিম্নোক্ত অংশগুলিঃ
- (ক) দরদাতার প্রতি নির্দেশাবলী
 - (খ) বিক্রয়যোগ্য মালামালের বিবরণ
 - (গ) নিলাম দরপত্র ফরম
 - (ঘ) মূল্য তালিকা
 - (ঙ) সরবরাহ গ্রহণের সময়সীমা তালিকা
- ২। **দরপত্র দলিল স্পষ্টায়ন** দরপত্র দলিলের কোন বিধান সম্ভাব্য দরদাতাদের কাছে অস্পষ্ট প্রতীয়মান হলে তা স্পষ্টায়নের জন্য বিক্রেতার ঠিকানায় লিখিত ভাবে অনুরোধ জানানো যেতে পারে। তবে ঐ অনুরোধ অবশ্যই দরপত্র দাখিলের সর্বশেষ তারিখের কমপক্ষে ৩(তিন) দিন পূর্বে বিক্রেতার নিকট পৌঁছাইতে হবে। বিক্রেতা লিখিত ভাবে সম্ভাব্য দরদাতার অনুরোধ অনুযায়ী সংশ্লিষ্ট বিষয় স্পষ্টায়ন করবেন।
- ৩। **দরপত্র দলিলের সংশোধন** দরপত্র দাখিলের সর্বশেষ সময়ের পূর্বে যে কোন সময় বিক্রেতা তার নিজ উদ্যোগে অথবা সম্ভাব্য দরদাতার অনুরোধে দরপত্র দলিলের যে কোন বিধান সংশোধন করতে পারেন। তবে যে সকল সম্ভাব্য দরদাতা ঐ সময়ে দরপত্র দলিল সংগ্রহ করেছেন তাদেরকে লিখিতভাবে উক্ত সংশোধন জানানো হবে এবং তা অনুসরণ করা দরদাতাদের জন্য বাধ্যতামূলক হবে।
- ৪। **মালামাল পরিদর্শন** আগামী ৩০/০৯/২০২৬ ইং তারিখ পর্যন্ত প্রতিদিন (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে উল্লেখিত মালামাল বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর স্টোর, ছিলিমপুর, বগুড়া-১ এ পরিদর্শন করা যাবে।

দরপত্র তৈরী

- ৫। **যে সকল দলিল দ্বারা দরপত্র তৈরী হইবে** দরদাতা কর্তৃক দাখিলিতব্য দরপত্র অবশ্যই নিম্নোক্ত দলিলসমূহ নিয়ে তৈরী হবেঃ
- (ক) পূরণকৃত নিলাম দরপত্র ফরম (পরিশিষ্ট-ক) ও মূল্য তালিকা (পরিশিষ্ট-খ)
 - (খ) পূরণকৃত সরবরাহ গ্রহণের সময়সীমা তালিকা (পরিশিষ্ট-গ)
- ৬। **দরদাতার যোগ্যতা** যেকোন আগ্রহী দরদাতা উক্ত নিলাম দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন। উল্লেখ্য যে, পবিস কর্তৃক নির্ধারিত সর্বনিম্ন প্রাক্কলিত দরের চাইতে নিম্ন দর গ্রহণযোগ্য হবে না।


- ৭। **দরপত্র জামানত** দরপত্র দলিলের মূল্য তালিকা (পরিশিষ্ট-খ) তে বর্ণিত মালামালের জন্য নিলামে দাখিলকৃত দরের ২৫% হারে নিরাপত্তা জামানত হিসাবে দরপত্রের সাথে দরদাতাকে দাখিল করতে হবে। উক্ত নিরাপত্তা জামানত বাংলাদেশী যে কোন তফসীলি ব্যাংক হতে বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে প্রদান করা যাবে। কোন দরপত্রের সাথে প্রয়োজনীয় অংকের নিরাপত্তা জামানত দাখিল না করিলে উক্ত দরপত্র নন-রেসপনসিভ হিসাবে বিবেচিত হবে। সকল দরদাতার সাথে চুক্তি সম্পাদনের পর ব্যর্থ দরদাতাদের নিরাপত্তা জামানত যথাশীঘ্র সম্ভব ফেরৎ প্রদান করা হবে।

নিরাপত্তা জামানত বাজেয়াপ্ত হইয়া যাইবে যদি

- ক) দরপত্রের মেয়াদ বহাল থাকা অবস্থায় কোন দরদাতা তার দরপত্র প্রত্যাহার করেন; অথবা
- খ) ১৪.১ ধারা অনুযায়ী উক্ত দরের কোন সংশোধন গ্রহণে দরদাতা অস্বীকৃতি জানান;
- কৃতকার্য দরদাতার নিরাপত্তা জামানত মালামাল গ্রহণের সময় পরিশোধযোগ্য মোট মূল্যের সাথে সমন্বয় করা হবে।
- ৮। **দরপত্রের মেয়াদ** দরপত্র দাখিলের তারিখ হতে ৯০ (নব্বই) দিন পর্যন্ত দরপত্রের মেয়াদ বহাল থাকতে হবে। দরপত্রের মেয়াদ ৯০ (নব্বই) দিন এর কম সময়ের জন্য হলে দরপত্র নন-রেসপনসিভ বিবেচনা করে বাতিল করা হবে। বিশেষ এবং ব্যতিক্রমী পরিস্থিতিতে বিক্রেতা দরদাতাকে দরপত্রের মেয়াদ বাড়ানোর অনুরোধ জানাতে পারেন। এই অনুরোধ এবং এর প্রতি দরদাতার সাড়া অবশ্যই লিখিত ভাবে হতে হবে। তবে দরদাতা দরপত্রের মেয়াদ বাড়ানোর অনুরোধ প্রত্যাখ্যান করতে পারেন। সেক্ষেত্রে দরদাতার দরপত্র জামানত বাজেয়াপ্ত হবে না।
- ৯। **দরপত্র স্বাক্ষর** দরপত্রের প্রত্যেক পৃষ্ঠায় দরদাতা অথবা তাহার উপযুক্ত প্রতিনিধির স্বাক্ষর ও সীল থাকতে হবে। দরপত্রে কোনরূপ কাটাকাটি, ঘষামাজা করা হলে তাহা দরপত্র স্বাক্ষরকারী কর্তৃক অনুস্বাক্ষরিত হতে হবে।

দরপত্র দাখিল

- ১০। **দরপত্র বন্ধকরণ ও চিহ্নিতকরণ** দরদাতা দরপত্র একটি খামে বন্ধ করিবেন এবং খামের উপরে নিলাম দরপত্র লিখিয়া চিহ্নিত করবেন। খামে ক্রেতার ঠিকানা লিখতে হবে এবং খামের উপরে দরপত্র দাখিলের সর্বশেষ সময়সীমার ০১/১০/২০২৬ ইং তারিখ বেলা ১১:৩৫ ঘটিকা) পূর্বে “খোলা যাবে না” মর্মে লিখতে হবে।
- ১১। **দরপত্র দাখিলের সময়সীমা** দরপত্র অবশ্যই ০১/১০/২০২৬ ইং তারিখ বেলা ১১:৩০ ঘটিকার সময় বা তার পূর্বে ক্রেতা বা তার প্রতিনিধি কর্তৃক দাখিল করতে হবে। বিক্রেতা প্রয়োজন মনে করলে দরপত্র দলিলের সকল শর্ত অপরিবর্তিত রেখে দরপত্র গ্রহণের সময়সীমা বৃদ্ধি করতে পারেন।
- ১২। **বিলম্বে আনীত দরপত্র** বিক্রেতা কর্তৃক নির্ধারিত সময়সীমার পরে আনীত সকল দরপত্র বাতিল করা হবে এবং বন্ধ অবস্থায় দরদাতাকে ফেরৎ প্রদান করা হবে।



বিক্রেতা কর্তৃক দরপত্র খোলা ও মূল্যায়ন

১৩। বিক্রেতা কর্তৃক দরপত্র খোলা

নির্ধারিত তারিখ ও সময়ে দরদাতাগণের প্রতিনিধিদের উপস্থিতিতে (যদি কেহ থাকেন) বিক্রেতা কর্তৃক দরপত্র সমূহ খোলা হবে। দরদাতাগণের প্রতিনিধিগণ উপস্থিত থাকলে অবশ্যই তারা উপস্থিতি তালিকায় স্বাক্ষর করবেন। দরপত্র খোলার সময় বিক্রেতা দরদাতার নাম, ঠিকানা, উদ্ধৃত মূল্য, দরপত্র জামানতের পরিমাণ এবং বিক্রেতার মতে প্রয়োজনীয় অন্যান্য বিষয় ঘোষণা করবেন এবং লিপিবদ্ধ করবেন। ১০ অনুচ্ছেদ অনুযায়ী দেওয়া দাখিলকৃত দরপত্র ব্যতীত দরপত্র খোলার সময় অন্য কোন দরপত্র বাতিল ঘোষণা করা যাবে না।

১৪। দরপত্র স্পষ্টায়ন

দরপত্র মূল্যায়নকালে বিক্রেতা প্রয়োজন মনে করলে যে কোন দরদাতার নিকট তার দরপত্রের উপর ব্যাখ্যা চাইতে পারেন। তবে এই ধরনের ব্যাখ্যা এবং তার বিপরীতে সাড়া অবশ্যই লিখিতভাবে হতে হবে। এ ছাড়াও উদ্ধৃত মূল্যের পরিবর্তন অথবা দরপত্রের মূল বিষয়ের উপর কোন ব্যাখ্যা বিক্রেতা চাইতে পারবেন না অথবা দরদাতা প্রস্তাব করতে পারবেন না বা প্রস্তাব করার অনুমতি দেওয়া হবে না।

১৫। প্রাথমিক যাচাই বাছাই

১৫.১ বিক্রেতা গৃহীত দরপত্রসমূহ প্রাথমিক যাচাই বাছাইকালে দরপত্র দলিলের শর্তাদি অনুযায়ী দরপত্রসমূহ পূর্ণাঙ্গ কি না, প্রয়োজনীয় ন্যূনমত দরপত্র জামানত দাখিল করা হয়েছে কি না, দরপত্র যথাযথ ভাবে স্বাক্ষরিত কি না, গাণিতিক কোন ভুল আছে কি না ইত্যাদি বিষয়ে নিশ্চিত হবেন। গাণিতিক কোন ভুল থাকলে নিম্নোক্ত ভাবে তা সংশোধন করা হবেঃ

উদ্ধৃত একক মূল্যকে পরিমাণ দ্বারা গুণ করিয়া প্রাপ্ত মোট মূল্য এবং উদ্ধৃত মোট মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সেই ক্ষেত্রে একক মূল্য বহাল থাকবে এবং সেই অনুযায়ী মোট মূল্যকে সংশোধন করা হবে। অংকে উদ্ধৃত মূল্য এবং কথায় উদ্ধৃত মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সেই ক্ষেত্রে কথায় উদ্ধৃত মূল্য বহাল থাকবে।

১৫.২ দরপত্রে যে কোন ধরনের ছোট খাট ত্রুটি, অনিয়ম ক্রেতা উপযুক্ত মনে করলে উপেক্ষা করতে পারেন যদি এ ধরনের ছোট খাট ত্রুটি/অনিয়ম কোন বড় ধরনের বিচ্যুতি হিসাবে বিবেচিত না হয়। বড় ধরনের বিচ্যুতি বলিতে প্রয়োজনীয় অংকের দরপত্র জামানত দাখিল না করা, দরপত্র ফরম তথা দরপত্রের অন্যান্য প্রয়োজনীয় অংশ দরদাতা কর্তৃক স্বাক্ষরিত না হওয়া, মালামাল সরবরাহ গ্রহণের নির্ধারিত সময়সীমার মধ্যে দরদাতা কর্তৃক মালামাল সরবরাহ গ্রহণের প্রস্তাব না করা ইত্যাদি বুঝাবে।

১৬। দরপত্র মূল্যায়ন ও তুলনাকরন

গৃহীত দরপত্রসমূহ ১৪ অনুচ্ছেদ অনুযায়ী যাচাই বাছাইকালে সর্বোত্তম ভাবে বিবেচিত রেসপনসিভ দরপত্রসমূহ বিক্রেতা মূল্যায়ন ও তুলনা করবেন।



কার্যাদেশ প্রদান

- ১৭। **বিক্রয়াদেশ প্রদানের নির্ণায়ক** ১৮ অনুচ্ছেদ সাপেক্ষে, বিক্রেতা সফল দরদাতা অর্থাৎ যাহার দরপত্র সর্বোত্তমভাবে রেসপনসিভ এবং মূল্যায়িত সর্বোচ্চ দরপত্র হিসাবে বিবেচিত হবে তাকে বিক্রয়াদেশ প্রদান করতে হবে।
- ১৮। **ক্রেতার যে কোন অথবা সকল দরপত্র গ্রহন/প্রত্যাখান করার অধিকার** বিক্রয়াদেশ প্রদানের পূর্ব পর্যন্ত বিক্রেতা যে কোন দরপত্র গ্রহন/প্রত্যাখান করা অথবা দরপত্র প্রক্রিয়া বাতিল অথবা সকল দরপত্র প্রত্যাখান করার অধিকার সংরক্ষণ করেন এবং এ কারনে ক্ষতিগ্রস্ত দরদাতা বা দরদাতাগণের নিকট বিক্রেতার কোন দায়বদ্ধতা সৃষ্টি হবে না।
- ১৯। **বিক্রয়াদেশ প্রদান** দরপত্রের মেয়াদ উত্তীর্ণ হবার পূর্বেই বিক্রেতা সফল দরদাতাকে লিখিত ভাবে বিক্রয়াদেশ প্রদান করবেন। বিক্রয়াদেশ পত্র বিক্রেতার সাথে সফল দরদাতার চুক্তি গঠন করবে।
- ২০। **মালামাল সরবরাহ গ্রহনের পূর্বে মালামালের মূল্য পরিশোধ করা** কৃতকার্য নিলাম দরপত্রদাতাকে বিক্রয়াদেশ সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর তারিখ হতে ১৫ (পনেরো) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% মূল্য নগদ/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে পরিশোধ করে মালামালসমূহের ডেলিভারি গ্রহণ করতে হবে। উক্ত সময়ের মধ্যে অবশিষ্ট অর্থ জমা প্রদানে ব্যর্থ হলে জামানতের সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে।
- ২১। **শুল্ক ও কর পরিশোধ** সরবরাহ গ্রহনের পূর্বে সরবরাহ গ্রহনকারীকে পরিশোধযোগ্য সকল শুল্ক ও কর পরিশোধ করে তার চালান দাখিল/সমপরিমান অর্থ বিক্রয় মূল্যের সাথে যুক্ত করতে হবে।
- ২২। **মালামাল সরবরাহ গ্রহনে জরিমানা** যথাসময়ে মালামাল সরবরাহ গ্রহন করতে ব্যর্থ হলে দরপত্র জামানত বাজেয়াপ্ত করা হবে।



দরপত্র ফরম

জেনারেল ম্যানেজার
বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-১
হিলিমপুর, বগুড়া।

প্রিয় মহোদয়,

আমি/আমরা নিম্ন স্বাক্ষরকারীগণ দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট) পুঙ্খানুপুঙ্খ যাচাই পূর্বক (সংশোধন সহ)
মালামাল মোট(.....) টাকায় ক্রয় করার প্রস্তাব করিতেছি।

আমার/আমাদের দরপত্র গৃহীত হলে আমি/আমরা উক্ত সময়সীমা অর্থাৎ ক্রয়তব্য মালামাল ----- দিনের মধ্যে গ্রহন করতে বাধ্য থাকব।

আমার/আমাদের দরপত্র গৃহীত হলে দরপত্র দলিলের ৭ অনুচ্ছেদে উল্লিখিত সময়ের জন্য উক্ত দর বৈধ থাকবে এবং ঐ সময়ের মধ্যে কার্যাদেশ প্রদান করা হলে কার্যাদেশ অনুযায়ী মালামাল গ্রহন করতে বাধ্য থাকব।

আপনার প্রদত্ত কার্যাদেশ বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-১ এবং আমাদের মধ্যে চুক্তি হিসাবে গণ্য হবে।

আমি/আমরা জ্ঞাত আছি যে আপনি সর্বোচ্চ দর অথবা যে কোন দরপত্র গ্রহনে বাধ্য নয়।

দরদাতার স্বাক্ষর

নামঃ.....

পদবীঃ.....

পূর্ণ ঠিকানা / ফোন নং.....



পরিশিষ্ট-খ

দরদাতা ব্যক্তি/ প্রতিষ্ঠানের নামঃ

মালামাল ও মূল্য তালিকা

ক্রমিক নং	মালামালের বিবরণ	পরিমাণ	একক	উদ্ধৃত মূল্য	
				একক মূল্য	মোট মূল্য
০১	ষ্টোরে রাখিত ট্রান্সফরমার বক্স এর প্যাকিং কাঠ (জ্বালানী কাঠ)।	৮০ মণ (কম/বেশী)	মণ		
সর্বমোট মূল্য=					

মোট উদ্ধৃত মূল্য= টাকা

কথায়ঃ-.....

দরদাতার স্বাক্ষর



দরদাতা ব্যক্তি/ প্রতিষ্ঠানের নামঃ.....

সরবরাহ গ্রহণ সময়সীমার তালিকা

মালামালের বিবরণ	পরিমাণ	সরবরাহ গ্রহণ সময়সীমা	উদ্ধৃত সময়সীমা	যে স্থান হইতে সরবরাহ করা হইবে
১	২	৩	৪	৫
স্টোরে রক্ষিত ট্রান্সফরমার বক্স এর প্যাকিং কাঠ (জ্বালানী কাঠ)।	৮০ মণ (কম/বেশী)	১৫ দিন		বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর স্টোর, ছিলিমপুর, বগুড়া।

নোট: বিক্রয়াদেশ প্রদানের তারিখে সরবরাহ সময়সীমা শুরু হওয়ার তারিখ হিসাবে গণ্য করা হবে।

দরদাতার স্বাক্ষর